

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
জীবননগর, চুয়াডাঙ্গা।  
www.dls.jibannagar.chuadanga.gov.bd/

স্মারক নং- ৩৩.০১.১৮৫৫.০০০.১৪.০০৮.২৫-১৮৫

তারিখঃ- ১৯/১০/২০২৫ খ্রিঃ

### নিয়োগ বিজ্ঞপ্তি


“বিশুদ্ধ জাতের ব্ল্যাক বেঙ্গল ছাগল ও দেশীয় ভেড়া সম্প্রসারণ পাইলট প্রকল্পের” আওতায় চুয়াডাঙ্গা জেলার, জীবননগর উপজেলায় একজন ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী প্রকল্প সময়কালীন সময়ের জন্য নিয়োগ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীদের আগামী ২৬/১০/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সদস্য সচিব, ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি ও উপজেলা প্রাণিসম্পদ অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদনপত্র উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, জীবননগর, চুয়াডাঙ্গায় উল্লেখিত তারিখে বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**পরীক্ষার তারিখ, সময় ও স্থান :- ২৯/১০/২০২৫ খ্রিঃ সকাল ১১:০০ ঘটিকা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, চুয়াডাঙ্গা।**

নিয়োগের শর্তাবলী:-

- ১। সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। বয়স ২৫-৪৫ বছর (২৬/১০/২০২৫ খ্রিঃ)।
- ৩। শিক্ষাগত যোগ্যতাঃ বিজ্ঞান বিভাগে ন্যূনতম এস.এস.সি./সমমান পাশ। (এইচ.এস.সি./কর্মমুখী শিক্ষায় সনদপাশ এবং পূর্বে প্রাণিসম্পদের কোন প্রকল্পে অথবা এনজিও কর্তৃক বাস্তবায়িত কোন কৃষি সংশ্লিষ্ট প্রকল্পে কর্মরত ছিলেন এমন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।)
- ৪। প্রার্থীর এ্যানড্রয়েড মোবাইল ফোন থাকতে হবে।
- ৫। প্রার্থী ডাটা ইনপুট (প্রকল্প ভিত্তিক সফটওয়্যার) দেওয়ার যোগ্যতা থাকতে হবে।
- ৬। আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রাণিসম্পদ অফিসার, চুয়াডাঙ্গা ও সভাপতি, ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি বরাবর সহস্বে লিখিত (পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ) আবেদনপত্র উল্লেখিত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।
- ৭। আবেদন পত্রের সাথে সকল সনদের সত্যায়িত কপি, ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, এনআইডি কার্ডের সত্যায়িত কপি এবং মোবাইল নম্বর দিতে হবে।
- ৮। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থীকে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে।
- ৯। প্রার্থী নির্বাচন সংক্রান্ত যে কোন পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন কমিটি কর্তৃক সংরক্ষিত থাকবে।

  
19.10.25  
(ডঃ সাইফুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
জীবননগর, চুয়াডাঙ্গা।

রক নং- ৩৩.০১.১৮৫৫.০০০.১৪.০০৮.২৫-১৮৫(৫)

তারিখঃ- ১৯/১০/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি / অবগতির জন্য প্রেরিত হলো।

১. প্রকল্প পরিচালক, বিশুদ্ধ জাতের ব্ল্যাক বেঙ্গল ছাগল ও দেশীয় ভেড়া সম্প্রসারণে পাইলট প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. জেলা প্রাণিসম্পদ অফিসার চুয়াডাঙ্গা ও সভাপতি, ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি, জীবননগর, চুয়াডাঙ্গা।
৩. উপজেলা কৃষি অফিসার, জীবননগর, চুয়াডাঙ্গা ও সদস্য ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ কর্মী নির্বাচন কমিটি, জীবননগর, চুয়াডাঙ্গা।
৪. নোটিশ বোর্ড ও ওয়েব পোর্টালে প্রচারের জন্য।
৫. অফিস কপি।

  
19.10.25  
(ডঃ সাইফুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
জীবননগর, চুয়াডাঙ্গা।